# স্টিভেডরিং এবং অভ্যান্তরীণ নৌ-পরিবহন কার্যক্রমের দরপত্র আহ্বান

## আইটেমঃ ১২,০০০ মেঃ টন (+/- ১০%) স্ল্যাগ

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র ফ্যাক্টরীর জন্য আমদানীকৃত স্লাগ চট্টগ্রাম/মোংলা সমুদ্র বন্দর হতে এমসিএফ জেটি পর্যন্ত পৌছানোর, স্টিভেডরিং ও নৌ-পরিবহণের জন্য আপনার প্রতিষ্ঠানের নিকট নিম্নোক্ত ছক ও শর্ত স্বাপেক্ষে সর্বনিম্ন দরপত্র আহ্বান করা হচ্ছেঃ

ক। **পণ্যের বিবরণ (পরিবহণ)ঃ**

| ক্রমিক | পণ্যের নাম | আনুমানিক পরিমাণ (মেঃ টন) | পণ্য বোঝাই স্থান | | পন্য খালাসের স্থান |
|---|---|---|---|---|---|
| (১) | স্লাগ | ১২,০০০ | চট্টগ্রাম বন্দর (কুতুবদিয়া ও বহিনোঙ্গর) | মোংলা (ফেয়ারওয়ে ও হারবারিয়া) | এমসিএফ জেটি |

খ। **দৈনিক মাদার ভেসেল হতে আনলোডিং এর পরিমান (স্টিভেডরিং)ঃ**

(১) স্লাগ ঃ প্রতিদিন নুন্যতম ৭,০০০ মেঃ টন।

গ। **স্টিভেডরিং এর বিস্তারিত শর্তাবলী ঃ**

(১) জাহাজ আগমনের কমপক্ষে ৬-৮ ঘন্টা পূর্বে জাহাজ নোঙ্গরের স্থানে প্রয়োজনীয় ইকুইপমেন্ট ও পর্যাপ্ত লোকবল সহ উপস্থিত থাকতে হবে।

(২) জাহাজ অবস্থানের সম্ভাব্য অবস্থানের স্থলে ইকুপমেন্ট ও লোকবল আনা নেওয়া তথাঃ পরিবহনের জন্য কোন অতিরিক্ত অর্থ প্রদান করা হবে না।

(৩) কাস্টমস আউটপাস ব্যতীত কোন পণ্য হ্যান্ডেলিং করা যাবে না।

(৪) পণ্য খালাস চলাকালে লাইটার ভেসেলের যাতে ঘাটতি না হয় সে বিষয়ে স্টিভেডরিং এর সুপারবাইজার কর্তৃক সংশ্লিষ্ট পরিবহনকারী/ক্যারিয়ারদের সাথে সার্বক্ষণিক যোগাযোগপূর্বক লাইটার ভেসেলের চাহিদা প্রেরণ করতঃ সংগ্রহের/প্রস্তুতের ব্যবস্থা করতে হবে।

(৫) লাইটার ভেসেল ঘাটতি ও কোন ইকুইপমেন্ট নষ্ট হওয়ার কারণে জাহাজের আনলোডিং যাতে বন্ধ না হয় তা নিশ্চিত করতে হবে।

(৬) জাহাজের পণ্য খালাস চলাকালীন/স্টিভেডরিং এর সময়ে নির্বাচিত প্রতিষ্ঠানের কারনে মাদার ভেসেলের কোন ইকুইপমেন্ট নষ্ট হলে অথবা ভেঙে গেলে তার ক্ষতিপূরণ মোংলা সিমেন্ট ফ্যাক্টরী বহন করবে না।

(৭) জাহাজের পণ্য খালাস চলাকালীন সময়ে যাতে কোন দুর্ঘটনা না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। দৈবাৎ কোন দুর্ঘটনা ঘটলে তার দায় দায়িত্ব এবং প্রশাসনিক যাবতীয় কার্যক্রম স্টিভেডর কোম্পানিকে বহন করতে হবে।

(৮) জাহাজ যাতে যথাসময়ে খালাস সম্পন্ন হয় সে বিষয়ে মাদার ভেসেলের ক্যাপ্টেন, চীফ অফিসার, ''মোংলা সিমেন্ট ফ্যাক্টরী'' এর অপারেশন টিম, ক্যারিয়ার এবং সি এন্ড এফ এজেন্টের সাথে স্টিভেডরের সুপারভাইজরকে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।

(৯) পণ্য খালাস চলাকালীন সময়ে প্রতিদিনের অর্থাৎ বিগত ২৪ ঘন্টার কার্যকাল বিস্তারিত SOF এ উল্লেখপূর্বক সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে SMS/E- Mail/ Whatsapp এর মাধ্যমে ''মোংলা সিমেন্ট ফ্যাক্টরী'' কে অবগত করতে হবে।

(১০) পণ্য খালাস চলাকালীন সময়ে এমসিএফ এর কোন প্রতিনিধি মাদার ভেসেলে অবস্থান করলে তার থাকা, খাওয়া ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

(১১) পণ্য খালাস চলাকালীন সময়ে কোন ব্যক্তি অসুস্থ কিংবা দুর্ঘটনা কবলিত হলে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা রাখতে হবে এবং অবস্থা আশঙ্কাজনক হলে দ্রুত তীরে/ স্থল ভাগে প্রেরণের ব্যবস্থা রাখতে হবে।

(১২) ইকুইপমেন্ট এর ত্রুটির কারণে কাঁচামালের কোন তছরুপ যেন না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।

(১৩) খারাপ আবহাওয়া অথবা বৃষ্টিজনিত কারণে মালামালের গুনাগুন নষ্ট হওয়ার সম্ভাবনা থাকলে ঐ সময়ে পণ্য খালাস বন্ধ রাখতে হবে এবং সে বিষয়ে দৈনিক SOF এ উল্লেখ থাকতে হবে।

(১৪) প্রতিদিন (২৪ ঘন্টায়) ৭০০০ মেঃ টন স্লাগ নামানো নিশ্চিত করতে হবে।

ঘ। **<u>সিমেন্ট তৈরির কাঁচামাল পরিবহণের বিস্তারিত শর্তাবলীঃ</u>**

(১) মাদার ভেসেল আনলোডিংকালীন স্টিভেডর এর চাহিদা মোতাবেক প্রতিদিন নুন্যতম ৭০০০ মেঃ টন এর লাইটার ভেসেল মাদার ভেসেলের অনুকূলে প্রেরন করতে হবে। যদি চাহিদা মোতাবেক লাইটার ভেসেল সরবরাহ করতে ব্যর্থ হয় এবং এ কারনে মাদার ভেসেলের ডেমারেজ হলে তা নির্বাচিত/কৃতকার্য প্রতিষ্ঠান হতে আদায় করা হবে।

(২) চাহিদা মোতাবেক লাইটার প্রেরণে বিলম্ব হলে, সে কারণে মাদার ভেসেলের বিলম্ব জনিত কারণে সংশ্লিষ্ট বন্দর কর্তৃক মাদার ভেসেলের নিয়োজিত বন্দর মাশুলের অতিরিক্ত মাশুল দাবী করলে তা পরিবহন ঠিকাদার/নির্বাচিত প্রতিষ্ঠান কে বহন করতে হবে।

(৩) দরপত্রের সাথে আর্নেষ্ট মানি হিসাবে টাঃ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) মাত্র পে- অর্ডার আকারে “মোংলা সিমেন্ট ফ্যাক্টরী” এর নামে দাখিল করতে হবে।

(৪) নির্বাচিত প্রতিষ্ঠানকে উক্ত কাজে চুক্তিবদ্ধ হওয়ার পূর্বে এমসিএফ এর সাথে টাঃ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) মাত্র জামানত হিসাবে পে- অর্ডার এর মাধ্যমে দাখিল করতে হবে। যা, চুক্তির মেয়াদ শেষে ফেরৎযোগ্য। এখানে উল্লেখ্য যে কৃতকার্য/নির্বাচিত প্রতিষ্ঠানের আর্নেষ্ট মানি বাবদ দাখিলকৃত অর্থ জামানত অর্থের সাথে সমন্বয় যোগ্য।

(৫) নির্বাচিত/কৃতকার্য প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হওয়ার পর এমসিএফ এর চাহিদা মোতাবেক পর্যাপ্ত লাইটার জাহাজ সরবরাহে ব্যর্থ হলে মাদার ভেসেল ডেমারেজ থেকে রক্ষা পাওয়ার জন্য এমসিএফ অন্য উৎস হতে লাইটার জাহাজ সংগ্রহ করতে পারবে।

এ ক্ষেত্রে যদি চুক্তির মূল্যের চেয়ে বর্ধিত ভাড়ায় লাইটার জাহাজ সংগ্রহ করতে হয় তবে পার্থক্য জনিত মোট বিল নির্বাচিত/কৃতকার্য প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

(৬) জাহাজের স্টিভেডরিং কর্তৃক প্রদানকৃত চাহিদা মোতাবেক নির্দিষ্ট সময়ে অন্তত ০৬ ঘন্টা পূর্বে ফিটনেস সহ লাইটার জাহাজ মাদার ভেসেলের নিকট পাঠাতে হবে। এর ব্যত্যয় হলে জাহাজের অপারেশন কাজে বিলম্বজনিত ডেমারেজ বিল নির্বাচিত/কৃতকার্য প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

(৭) মাদার ভেসেল (SOLAS Vessel) থেকে সিমেন্ট তৈরির কাঁচামাল সমূহ গ্রহণের লক্ষ্যে প্রেরিতব্য লাইটার ভেসেল (Non-SOLAS Vessel) গুলোর ফিটনেস সম্পর্কে নিশ্চিত হয়ে মাদার ভেসেল (SOLAS Vessel) এর নিকট পাঠাতে হবে।

(৮) লাইটের ভেসেল (Non-SOLAS Vessel) প্রেরণের পর মাদার ভেসেলের নিকট গিয়ে যদি আনফিট মনে হয় তবে উক্ত লাইটার ভেসেলে পন্য লোড করা থেকে বিরত রাখা হবে।

(৯) লাইটার ভেসেলের আনুষাঙ্গিক ডকুমেন্টস যেমন রেজিস্ট্রেশন, ফিটনেস, সার্টিফিকেট, ফায়ার লাইসেন্স, ক্রু - লিস্ট, মাষ্টারের শ্রেনী, ইঞ্জিন সংখ্যা, লাইফ বয়া ইত্যাদি বিস্তারিত বিবরণ সম্মিলিত সকল সনদপত্র হালনাগাদ থাকতে হবে।

(১০) সকল লাইটার ভেসেলগুলোর হালনাগাদ বীমাকৃত থাকতে হবে।

(১১) সকল লাইটার ভেসেলের ক্যাপাসিটি বা ধারণক্ষমতা সর্বনিম্ন ১,০০০-১,৫০০ মেঃ টন সর্বোচ্চ ১,৮০০ মেঃ টন হওয়া বাঞ্ছনীয়।

(১২) জেটিতে অবস্থানকালীন সময়ে জাহাজের মাস্টার/ড্রাইভার লাইটার জাহাজ ত্যাগ করে অন্য কোথাও যেতে পারবে না। জোয়ার এবং ভাটার সময় লাইটার ভেসেলের কারণে এমসিএফ জেটির যাতে কোন ক্ষতি না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।

(১৩) এমসিএফ জেটিতে আগমন এবং বহির্গমনের সময় যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হবে যাতে এমসিএফ জেটিতে এবং জেটিতে অবস্থানরত অন্য কোন লাইটার ভেসেলের ক্ষতি সাধিত না হয়।

(১৪) লাইটার ভেসেল জেটিতে অবস্থানকালীন সময়ে এমসিএফ এর কোন পণ্য অথবা স্থাপনা জাহাজের স্টাফ দ্বারা ক্ষতিগ্রস্ত বা খোয়া গেলে তাহা ঠিকাদারকে বহন করতে হবে অথবা প্রদান করতে হবে।

(১৫) জাহাজ সার্ভের সময় অবশ্যই জাহাজের মাস্টারকে উপস্থিত থাকতে হবে এবং সার্ভে রিপোর্টে স্বাক্ষর করতে হবে।

(১৬) অনিবার্য কারণে লাইটার ভেসেল আনলোডিং এ বিলম্ব হলে কোন প্রকার বিলম্ব মাশুল দাবী করা যাবে না।

২। উপরেল্লিখিত বিবরনের আলোকে আপনাদের প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সীলসহ আবদ্ধ খামে আগামী ২৬/০৯/২০২৬ইং তারিখে এর পূর্বে স্ব-শরীরে অথবা ডাক যোগে দরপত্র প্রেরনের জন্য অনুরোধ করা হলো। উক্ত দরপত্র আগামী ২৬/০৯/২০২৬ইং বেলা ১১:০০ ঘটিকায় সকলের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে আংশিক অথবা সম্পূর্ণ দর বাতিল করার ক্ষমতা এমসিএফ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**শেখ মোহাম্মদ মেজবাহউদ্দিন**
কমডোর বিএন
নির্বাহী পরিচালক